আলমডাঙ্গা ভাংবাড়িয়া মহিলা দলের উদ্যোগে দোয়া অনুষ্ঠান

আলমডাঙ্গার ভাংবাড়িয়া ইউনিয়ন মহিলা দলের উদ্যোগে বেগম খালেদা জিয়ার মৃত্যুতে মিলাদ মাহফিল ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়েছে।

রবিবার ভাংবাড়িয়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড মহিলা দলের আয়োজনে বাদ জোহর এ দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ইউনিয়ন মহিলা দলের সভাপতি মাহফুজা ইয়াসমিন জলির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ও ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সানোয়ার হোসেন লাড্ডু। এ সময় তিনি বলেন, “মরহুমা বেগম খালেদা জিয়া ছিলেন দল ও দেশের একজন নিবেদিতপ্রাণ ও দক্ষ সংগঠক। দল ও দেশের মানুষের জন্য তার অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।”

চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সভাপতি সাজিবুল হক রাজনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি মজিরুল ইসলাম বিজু ও বিএনপি নেতা আসাদুজ্জামান রিমন।

এ সময় আরও উপস্থিত ছিলেন ভাংবাড়িয়া ইউনিয়ন মহিলা দলের সাধারণ সম্পাদক সাগরী খাতুন, সহ-সভাপতি শাহারবানু, যুগ্ম সাধারণ সম্পাদক রেক্সনা খাতুন, সাংগঠনিক সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা ওলামা দলের সভাপতি সবেদ আলী, সাধারণ সম্পাদক জামাল হোসেন, বিএনপি নেতা হামিদুল ইসলাম, বকুল হোসেন, আকাইলি, সাগর বিশ্বাস, ছানোয়ার, ইনামুল হক, উপজেলা যুবদলের সদস্য সেলিম রেজা, আবুজার, ইউনিয়ন যুবদল নেতা মজিবুল ইসলাম, শামীম রেজা, মুকুল উজ্জামান মিলন, রাজাবুল ইসলাম, খোকন, সাবানসহ মহিলা দল, বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

মিলাদ মাহফিল ও দোয়া পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলা ওলামা দলের সহ-সাংগঠনিক সম্পাদক কাজী আবু মুছা।